গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
(ত্রাণ কর্মসূচি-২ অধিশাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৮ জুন, ২০১৮ খ্রি. তারিখে বিভাগীয় কমিশনারদের সাথে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : **মো. ফয়জুর রহমান**
সচিব (রুটিন দায়িত্বে)
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

তারিখ : **২৮ জুন, ২০১৮ খ্রি.।**
সময় : বিকাল ০২:৩০ টা ।
স্থান : সম্মেলন কক্ষ, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিববৃন্দ, বিভাগীয় কমিশানারগণ, যুগ্ম-সচিববৃন্দ এবং মন্ত্রণালয়, অধিদপ্তর ও প্রকল্পের কর্মকর্তাবৃন্দ সভায় উপস্থিত ছিলেন। উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট "ক" তে সংযোজন করা হলো। যুগ্মসচিব (ত্রাক-২) গত সভার (২৬ এপ্রিল, ২০১৮ খ্রি.) কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহ ও এর বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন।

সভাপতি বলেন, ইতোমধ্যে কাবিটা ও টি.আর কর্মসূচির আওতায় সমুদয় অর্থ ও খাদ্যশস্য ছাড় করা হয়েছে। তিনি ছাড়কৃত অর্থ/ খাদ্যশস্যে প্রকল্প বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে বিভাগীয় কমিশনারগণের দৃষ্টি আকর্ষণ করেন।

অত:পর কার্যপত্র অনুযায়ী ধারাবাহিকভাবে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

আলোচ্যসূচি : ১

২৬ এপ্রিল, ২০১৮ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী কোনো প্রকার সংশোধন ব্যতিরেকে দৃঢ়ীকরণ (confirmed) করা হয়।

আলোচ্যসূচি : ২.১-কাবিটা/টিআর কর্মসূচি সম্পর্কিত :

সভাপতি ২০১৭-২০১৮ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো কর্মসূচি (কাবিটা) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর) কর্মসূচির ছাড়কৃত অর্থ/ খাদ্যশস্যের আওতায় বাস্তবায়নকৃত প্রকল্পের অগ্রগতির বিষয়ে বিভাগীয় কমিশনারগণের দৃষ্টি আকর্ষণ করেন।

গৃহীত সিদ্ধান্ত :

(ক) বিভাগীয় কমিশনারগণ নিজ নিজ অধিক্ষেত্রে নিবিড়ভাবে তদারকিপূর্বক যথাসময়ে প্রকল্প বাস্তবায়ন নিশ্চিত করবেন;
(খ) প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে বিভিন্ন জেলার কার্যক্রমের ওপর বিভাগীয় কমিশনারগন একটি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

বাস্তবায়নকারী কর্তৃপক্ষ : অতি: সচিব (ত্রাণ), সকল বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসকগণ।

আলোচাসূচি ২.২-সোলার হোম সিস্টেম স্থাপন:

সভাপতি বলেন, 'গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ/সংস্কার (কাবিটা/টি.আর নগদ টাকা) কর্মসূচির আওতায় সোলার হোম সিস্টেম, সোলার মিনি/মাইক্রো/ন্যানো গ্রীড, সৌর সেচ পাম্প, বায়োগ্যাস প্ল্যান্ট ও উন্নত চুলা প্রকল্প বাস্তবায়ন' নির্দেশনা মোতাবেক ৫০% অর্থে Solar System কার্যক্রম চলমান আছে। ২০১৭-২০১৮ অর্থ বছরে উভয় খাতের ৫০% অর্থে Solar Home System কার্যক্রম কাজ চলমান রয়েছে। বিভাগীয় কমিশনারগণ এ বিষয়ে তদারকি জোরদার করতে পারেন।

গৃহীত সিদ্ধান্তঃ

(১) সোলার সিস্টেম কার্যক্রম সঠিক ও মানসম্মত উপায়ে হচ্ছে কিনা, বিভাগীয় কমিশনারগণ তদারকি করবেন;
(২) নির্দেশিকা যাতে যথাযথভাবে অনুসরণ হয় সে বিষয়ে বিভাগীয় কমিশনারগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

অপর পাতা দ্র.

বাস্তবায়নকারী কর্তৃপক্ষ : অতি: সচিব (ত্রাণ), সকল বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসকগণ।

আলোচ্যসূচি : ২.৩ - ভিজিএফ কর্মসূচি সম্পর্কিত :

সভাপতি জানান, জেলা প্রশাসকগণের নিকট জিআর চাউল রিজার্ভ রাখা হয়। জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসারগণ নীতিমালা অনুযায়ী বিতরণ কার্যক্রম গ্রহণ করবেন। বিতরণ কার্যক্রম যথাযথ করতে নিবিড় তদারকির ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

গৃহীত সিদ্ধান্তঃ

(ক) জিআর চাল যথাযথভাবে বিতরণ নিশ্চিতকরণসহ যে কোন অনিয়মের অভিযোগ বিভাগীয় কমিশনারবৃন্দ খতিয়ে দেখবেন।

বাস্তবায়নকারী কর্তৃপক্ষ : অতি: সচিব (ত্রাণ), মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এবং বিভাগীয় কমিশনার (সকল)।

আলোচ্যসূচি : ২.৪ - ঢেউটিন, গৃহবাবদ মঞ্জুরী, জিআর খাদ্যশস্য, জিআর ক্যাশ ইত্যাদি বিতরণ :

সভাপতি এ বিষয়ে বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অনুরোধ করেন। এ ছাড়া বিগত অর্থ বছরে জেলাসমূহে রক্ষিত পুরাতন ঢেউটিন (যদি থাকে) (চলতি বছর বাদে) বিভাগীয় কমিশনারগণ বিতরণের ব্যবস্থা নেবেন। প্রতি জেলায় গড়ে ৬০০ বান্ডেল ঢেউটিন প্রদান করা হয়েছে। লোকজনের বাস্তব প্রাপ্যতা যাচাই করে এবং জেলায় রক্ষিত ঢেউটিনের ২০% মজুদ রেখে অবশিষ্ট টিন বিতরণের ব্যবস্থা নেবেন। ইতোমধ্যে ৬০ কোটি টাকার তাঁবু সংগ্রহ করা হয়েছে। প্রত্যেক জেলার সংরক্ষণ সুবিধাদি ও চাহিদা মোতাবেক তা সরবরাহ করা হবে। এছাড়া গৃহহীনদের জন্য Low cost ঘর নির্মানের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। পূর্বের ছক ব্যবহার করে তালিকা প্রস্তুত রাখতে হবে।

গৃহীত সিদ্ধান্তঃ

(১) গৃহহীনদের জন্য Low cost House নির্মাণ কার্যক্রম গ্রহণ করতে হবে;

(২) বাস্তবিকভাবে প্রকৃত প্রাপ্যতা যাচাই করে ঢেউটিন প্রদান নিশ্চিত করতে হবে এবং ২০% টিন জেলা প্রশাসক মজুদ রাখবেন।

বাস্তবায়নকারী কর্তৃপক্ষ : অতি: সচিব (ত্রাণ), মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এবং বিভাগীয় কমিশনার (সকল) এবং জেলা প্রশাসক (সকল)।

আলোচ্যসূচি : ২.৫ - অতি দরিদ্রদের জন্য কর্মসৃজন কর্মসূচি সম্পর্কিত:

সভাপতি বলেন, EGPP-তে ১৬৫০ কোটি টাকা বরাদ্দ আছে। প্রতি উপজেলায় গড়ে ১.৬০ কোটি টাকা ছাড় করা হয়েছে। তিনি বিভাগীয় কমিশনাগণকে EGPP'র অর্থ সঠিকভাবে ব্যবহার নিশ্চিতকরণে মনিটরিং-এ আরও যত্নবান হওয়ার জন্য অনুরোধ করেন। তিনি এ প্রকল্পের কাজ সরেজমিনে পরিদর্শনের ওপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, EGPP'র অর্থে দু:স্থ ও অসহায় পরিবারের ভিটি উঁচুকরণ কার্যক্রমের মধ্যে ৬৭০০টি পরিবারের তথ্য পাওয়া গিয়েছে। অবশিষ্ট হিসাব পাওয়া যায় নাই।

গৃহীত সিদ্ধান্ত :

(১) EGPP কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

(১) বিভাগীয় কমিশনারগণ মাঠ পর্যায়ে পরিদর্শনে গিয়ে জনগুরুত্বপূর্ণ স্থান, রাস্তা বা খেলার মাঠে কাজ করার প্রয়োজনীয়তা অনুভব করলে জেলা প্রশাসকদের নির্দেশনা প্রদান করবেন।

বাস্তবায়নকারী কর্তৃপক্ষ : বিভাগীয় কমিশনার (সকল)।

আলোচ্যসূচি: ২.৬-অন্যান্য প্রকল্প সম্পর্কিত:

সভাপতি বলেন, বন্যা প্রবন ও নদী ভাংগন এলাকায় বন্যা আশ্রয় কেন্দ্র নির্মাণ (২য় পর্যায়) শীর্ষক প্রকল্পের আওতায় ১৫৬টি বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ সম্পন্ন হয়েছে। প্রতিটি আশ্রয়কেন্দ্রের আয়তন ৫১৫৬.০০ বর্গফুট। এছাড়া উপকূলীয় ও ঘূর্ণিঝড় প্রবণ এলাকায় বহুমুখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ (২য় পর্যায়) এর আওতায় ১৭টি জেলায় ২২০টি আশ্রয়কেন্দ্র নির্মাণের জন্য দরপত্র আহবান করা হয়েছে। ২০৪টি প্রকল্পের NoA প্রদান করা হয়েছে। ১৬৯টি প্রকল্পের চুক্তি স্বাক্ষরিত হয়েছে। ১২৮টি প্রকল্পের কাজ শুরু হয়েছে।

অপর পাতা দ্র:

'জেলা ত্রাণ গুদাম কাম দুর্যোগ ব্যবস্থাপনা তথ্যকেন্দ্র নির্মাণ' শীর্ষক প্রকল্পের আওতায় ৬৪টি জেলার ৬৬টি উপজেলায় গুদাম নির্মাণ করা হবে। প্রতিটি জেলা ত্রাণ গুদামের আয়তন হবে ৫৪২৮.০৭ বর্গফুট। প্রকল্পগুলো সঠিক ও যথাযথভাবে বাস্তবায়নের জন্য বিষয়টি মনিটরিং করার জেলা প্রশাসকদের নির্দেশনা প্রদান করতে হবে।

সভাপতি জানান, গ্রামীণ রাস্তায় কম বেশী ১৫ মি. দৈর্ঘ্য পর্যন্ত সেতু/ কালভার্ট নির্মাণ প্রকল্পের আওতায় ১৩,০০০টি সেতু/কালভার্ট নির্মাণের লক্ষ্যমাত্রার মধ্যে এ যাবৎ প্রায় ১০,৫০০টির নির্মাণ সমাপ্তির পথে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ ও সড়ক বিভাগের যৌথ উদ্যোগে ২০১৭-২০১৮ অর্থ বছরে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী গ্রামীণ রাস্তায় ৩১৪৫.৫০ কিলোমিটার HBB (Hering Bond Bone) রাস্তা নির্মাণের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

সভাপতি জানান, সারাদেশে প্রায় ৩০০টির বেশী মুজিব কিল্লা সংস্কার ও নির্মাণ করা হবে। এগুলো হাটবাজার, ওয়াজ মাহফিল, রাজনৈতিক সভা, বিবাহ-সাদী, খেলার মাঠ ইত্যাদি কাজে ব্যবহার করা যাবে।

<u>গৃহীত সিদ্ধান্ত</u>:

(ক) বিভাগীয় কমিশনারগণ নিজ নিজ অধিক্ষেত্রে জেলা প্রশাসকদের মাধ্যমে এ মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পের অগ্রগতির কার্যক্রম পর্যবেক্ষণ করবেন এবং মতামত মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার (সকল) এবং প্রকল্প পরিচালক।

<u>আলোচ্যসূচি : ২.৮- সিপিপি সম্পর্কিত:</u>

সভাপতি সিপিপি'র কার্যক্রম মাঠ পর্যায়ে সঠিকভাবে পরিচালনার বিষয়ে পরিচালক, সিপিপি'র দৃষ্টি আকর্ষণ করেন এবং এ বিষয়ে সহযোগীতা প্রদানের জন্য বিভাগীয় কমিশনারগণকে অনুরোধ জানান।

<u>গৃহীত সিদ্ধান্ত</u> :

(ক) বিভাগীয় কমিশনারগণ সিপিপির কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে সহযোগিতা ও তদারকি অব্যাহত রাখবেন।

বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার (সকল) এবং পরিচালক (প্রশাসন), সিপিপি।

আলোচ্যসূচি: ২.৯ রোহিংগা সম্পর্কিত:

(ক) বাংলাদেশে আগত বলপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিক (রোহিংগা জনগোষ্ঠী) সম্পর্কিত।

<u>গৃহীত সিদ্ধান্ত:</u>

(ক) বাংলাদেশে আশ্রয়গ্রহণকারী বলপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকগণ (রোহিংগা জনগোষ্ঠী) যেন ভোটার তালিকায় অন্তর্ভূক্ত হতে না পারে সে বিষয়ে বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(খ) বলপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদেরকে তাদের নিজ দেশে প্রত্যাবাসনের জন্য বাংলাদেশ ও মিয়ানমার এর মধ্যে সম্পাদিত চুক্তির ধারাবাহিকতায় উভয় দেশের পররাষ্ট্র সচিবের নেতৃত্বে ৩০ সদস্যের একটি Joint Working Group (JWG) গঠন করা হয়েছে। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম উল্লিখিত JWG এর একজন সদস্য। তাছাড়া JWG এর সিদ্ধান্ত অনুযায়ী বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম এর নেতৃত্বে Technical Committee on Reparriation গঠন করা হয়েছে। JWG এর সদস্য, Technical কমিটির আহবায়ক এবং চট্টগ্রামের বিভাগীয় কমিশনার হিসেবে মিয়ানমার নাগরিকদের প্রত্যাবাসনের জন্য সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণের জন্য বিভাগীয় কমিশনার, চট্টগ্রামকে অনুরোধ করা হলো।

(গ) বান্দরবান ও কক্সবাজার জেলার সীমান্ত এলাকায় নিরাপত্তা জোরদার করতে হবে।

<u>**বাস্তবায়নকারী কর্তৃপক্ষ:**</u> বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম ও যুগ্মসচিব (শরণার্থী বিষয়ক সেল), দুব্যত্রাম।

<u>আলোচ্যসূচি : ২.১০-অডিট সম্পর্কিত:</u>

সভাপতি মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ ও সিভিল অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে বিভাগীয় কমিশনারগণের দৃষ্টি আকর্ষণ করেন। সকল বিভাগে উত্থাপিত অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের জন্য তিনি বিভাগীয় কমিশনারগণের সহযোগিতা কামনা করেন।

<u>গৃহীত সিদ্ধান্ত</u>:

উল্লেখ্য, এপ্রিল-মে-২০১৮ মাসে ৮ বিভাগে ১৬৭টি অডিট আপত্তি নিষ্পত্তি হয়েছে। এতে সম্পৃক্ত টাকার পরিমাণ ৩০১.৬৪ লক্ষ টাকা। অবশিষ্ট অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত রয়েছে।

(ক) অডিট কার্যক্রম অব্যাহত রাখাসহ অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। বিশেষ করে ঢাকা, চট্টগ্রাম, খুলনা, রংপুর ও বরিশাল এর বিভাগীয় কমিশনারগণ অডিট আপত্তি নিষ্পত্তির জন্য বিশেষ পদক্ষেপ গ্রহণ করবেন;

<u>**অপর পাতা দ্রঃ**</u>

(খ) নিরীক্ষা প্রতিবেদন মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর বরাবর আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে।
বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: অতি:সচিব (প্রশাসন), মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, বিভাগীয় কমিশনার (সকল) এবং জেলা প্রশাসক (সকল)।

আলোচ্যসূচি: ২.১১ জমি সম্পর্কিত:

সভাপতি বলেন, দেশের বিভিন্ন জেলায় রক্ষিত দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের জমির ব্যাপারে দীর্ঘদিন আলোচনা হলেও উল্লেখযোগ্য কোন অগ্রগতি হয় নাই। তিনি বিভাগীয় কমিশনারদের এ বিষয়ে উদ্যোগ গ্রহণ করার অনুরোধ করেন। বিশেষ করে চট্টগ্রাম ও ঢাকা বিভাগের বিভাগীয় কমিশনারকে জরুরী কার্যক্রম গ্রহণ এবং প্রয়োজনীয় প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণের জন্য তিনি অনুরোধ করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

গৃহীত সিদ্ধান্তঃ

(ক) যে সকল জেলা হতে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়-এর জমি সংক্রান্ত তথ্য পাওয়া যায়নি বিভাগীয় কমিশনারগণ সেসব জেলার জেলা প্রশাসকদের পূর্বের প্রদত্ত ছক মোতাবেক তথ্য প্রেরণের নির্দেশনা প্রদান করবেন। তালিকায় জমির মৌজা, দাগ নম্বর, খতিয়ান নম্বর ও কোন মামলার সূত্র উল্লেখ থাকতে হবে;

(খ) বিভাগীয় কমিশনারগণ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের জমির রেকর্ড অধিদপ্তরের নামে হাল-নাগাদ করায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসকদের নির্দেশনা প্রদান করবেন;

(গ) ২৮টি জেলার প্রাপ্ত তথ্যের আলোকে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের জমি রেকর্ডকরণের জন্য মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর এবং সকল জোনাল সেটেলমেন্ট অফিসারের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।

বাস্তবায়নকারী কর্তৃপক্ষ: মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, বিভাগীয় কমিশনার (সকল)।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি বিভাগীয় কমিশনারবৃন্দসহ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ: ০৯/০৭/২০১৮ খ্রি.
(মোঃ ফয়জুর রহমান)
অতিরিক্ত সচিব (সচিবের রুটিন দায়িত্বে)।

স্মারক নং-৫১.০০.০০০০.৪২২.০৬.০০৮.১৬-০৪ তারিখ: ২৬ আষাঢ় ১৪২৫ ব./ ১০ জুলাই ২০১৮ খ্রি.।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। অতিরিক্ত সচিব, প্রশাসন/ দু:ব্য:/ত্রাণ/ ত্রাণ প্রশাসন ও এনজিও/ বাজেট, সমন্বয়, পরিকল্পনা, আইসিটি/সমন্বয় ও সংসদ/ সিপিপি, ...দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ভবন, ৯২-৯৩ মহাখালী, ঢাকা। (অধিদপ্তরসহ সংশ্লিষ্ট সকল প্রকল্প পরিচালককে কার্যবিবরণীটি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
০৩। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রংপুর/বরিশাল/রাজশাহী/সিলেট/খুলনা/ময়মনসিংহ।
০৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
০৫। যুগ্ম-সচিব (প্রশাসন/ বাজেট/ সমন্বয় ও সংসদ/ দুব্য প্রশাসন/ দুব্যক-১-২), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। জেলা প্রশাসক,.. (সংশ্লিষ্ট)।
০৭। পরিচালক (প্রশাসন), ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি, ৪৮৪-৪৮৬, বড় মগবাজার, ঢাকা।
০৮। উপ-সচিব (প্রশাসন/ বাজেট/ ত্রাণ প্রশাসন/ দুব্য কর্মসূচি-১ ও ২/ ত্রাণ কর্মসূচি-১/ অডিট), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৯। উপ-প্রধান (পরিকল্পনা কোষ), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০। সিনিয়র সহকারী সচিব (মাঠ প্রশাসন সমন্বয় শাখা), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। সিস্টেম এনালিষ্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশ ও ই-মেইলে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, বিভাগীয় কমিশনারগণ এবং অন্যান্যদেরকে জরুরি প্রেরণের জন্য)।
১৩। সহকারী প্রকৌশলী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, এন.ডি.আর.সি.সি., দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। তাঁকে বার্তাটি ফ্যাক্স/ ই-মেইলের মাধ্যমে সংশ্লিষ্ট সকলের অনুকূলে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১০/০৭/১৮

(মো. মোয়াজ্জেম হোসেন)
যুগ্মসচিব (ত্রাক-২)।

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় সম্পর্কিত বিষয়াদি নিয়ে আলোচনার লক্ষ্যে ২৮ জুন ২০১৮ খ্রি. তারিখ বিকাল ২.৩০ টায় দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে বিভাগীয় কমিশনারগণের সাথে অনুষ্ঠিত সমন্বয় সভায় কর্মকর্তাগণের উপস্থিতি বিবরণী।

ক্রমিক	কর্মকর্তার নাম ও পদবী	অফিস/ দপ্তরের নাম	ই-মেইল আইডি ও মোবাইল নম্বর	স্বাক্ষর
১	ড. এম. মশিউর রহমান, বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ		০১৭১৭০৮৪৫৯১০	[signature] ২৮/৬/১৮
২.	মো: কামরুজ্জামান, বিভাগীয় কমিশনার, বরিশাল		০১৭৩০৮২০০৫২	[signature] ২৮/৬/১৮
৩.	ড. মোহাম্মদ নাজমানারা খানম, বিভাগীয় কমিশনার, সিলেট	সিলেট বিভাগ	০১৭৩০৬৩৩০০০	[signature] ২৮/০৬/১৮
৪.	মো: আব্দুল মান্নান, বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম	চট্টগ্রাম	01713124915	[signature]
৫.	লোকমান হোসেন মিয়া, বিভাগীয় কমিশনার, খুলনা	খুলনা	01713400377	[signature] ২৮.৬.১৮
৬.	ড. এন. এম. জিয়াউল আলম, বিভাগীয় কমিশনার, ঢাকা	ঢাকা বিভাগ	01556321773	[signature]
৭.	মো: নূর-উর-রহমান, বিভাগীয় কমিশনার, রাজশাহী	রাজশাহী বিভাগ	01713202040	[signature] ২৮/০৬/১৮
৮.	আলী রেজা মজিদ, যুগ্ম সচিব - MoDMR	MoDMR	01716187443	[signature] 28/06
৯.	[illegible] চন্দ্র রায়, [illegible]	রংপুর	01727314555	[signature] ২৮/৬/১৮
১০	মো: মোস্তফা মনজুর, DS, MoDMR	MoDMR	01712113380	[signature] ২৮/৬
১১.	মো: জহিরুল ইসলাম, উপ-প্রধান	MoDMR	01552361015	[signature] ২৮/৬/২০১৮
১২	এ.কে.এম. মাকসুদ হাসান খান, উপ সচিব	MoDMR	01914153117	[signature] ২৮/৬/১৮
১৩	[illegible]	[illegible]	01711-241344	[signature] ২৮/৬/১৮
১৪.	মো: মোয়াজ্জেম হোসেন	MoDMR	01712-017507.	[signature] 28/06/18

ক্রমিক	কর্মকর্তার নাম ও পদবী	অফিস/ দপ্তরের নাম	ই-মেইল আইডি ও মোবাইল নম্বর	স্বাক্ষর
১৫	মো: হারুন অর রশিদ মোল্লা ডাইরেক্টর (প্রশি:) (ডিজি মহোদয়ের প্র: [illegible])	DDM	harun_171965@yahoo.com 01711966019	[signed]
১৬.	এ.কে.এম. [illegible] সুলতান যুগ্মসচিব	MoDMR	01556359972	[signed]
১৭.	[illegible] [illegible]	MoDMR	01722447194	[signed] 28.06.18
১৮	ড. মো: [illegible] চেয়ারম্যান, [illegible]	[illegible]	01715234606	[signed]
	মুহম্মদ [illegible] যুগ্মসচিব	MODMR	01715094001	[signed] 28/6/2018